দৈনিক ইনকিলাব

JAN. 2 1 2000

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ২

23

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিবির ও ছাত্র লীগের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ঃ আহত ১০

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** অবরুদ্ধ অচল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে গতকাল শিবির ও ছাত্র লীগের মধ্যে ইট-পাটকেল বিনিময় ও ধাওয়া-পাল্টা ধাওয়ায় অন্তত ১০ জন আহত হয়েছে। গুরুতর আহত শিবির কর্মী কামালকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানান, গতকাল অবরোধের ৬ষ্ঠ দিনে বেলা সাড়ে ১১টায় কলা ভবন চত্বরে ছাত্র শিবিরের বিক্ষোভ সমাবেশ শুরু হয়। এ সময় ছাত্র লীগের ১৫/২০ জনের একটি সশস্ত্র গ্রুপ কলা ভবন এলাকায় উপস্থিত হলে উভয় পক্ষে উত্তেজনা সৃষ্টি হয়। উত্তেজনার এক পর্যায়ে উভয় পক্ষ অস্ত্র প্রদর্শন করলে ধাওয়া-পাল্টা ধাওয়া ও ইট-পাটকেল নিক্ষেপের ঘটনা ঘটে। এ সময় পুলিশ বেধড়ক লাঠিচার্জ করে আধ ঘন্টা পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ঘটনার জের ধরে সেখানে চরম উত্তেজনা বিরাজ করছে। এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত লিয়াজোঁ কমিটি ছাত্র সংগঠনগুলোর কাছে আলোচনার আহবান জানিয়ে নোটিশ দিয়েছে বলে জানা গেছে। তবে কোন সংগঠনের পক্ষ হতে এখনো সাড়া পাওয়া পায়নি।

অন্যদিকে গতকাল শিক্ষকদের এক সভায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিবির ভবিষ্যৎ রক্ষায় প্রশাসনের ওপর চাপ-প্রয়োগের জন্য সচেতন নাগরিকদের প্রতি আহবান জানান হয়। ডঃ ইউসুফ শরীফ খানের সভাপতিত্বে সভায় ডঃ এম বদিউল আলম, ডঃ আবু সালেহ, ডঃ নূরুল ইসলাম, ডঃ সামসুদ্দিন, ডঃ সিদ্দিক, ডঃ মুনীর, আবদুন নূর প্রমুখ বক্তব্য রাখেন।